

SHIV MANDIR – TEMPLE OF JOY

Sharad Utshav 2025

শারদ উৎসব ২০২৫



মন্দির প্রতিষ্ঠাতা

ওগো মা, আজি আমরা সবাই নেতে বেড়াই, হৃদয় খুলে আকাশ তলে, মন্দিরের ঐ দ্বারে দ্বারে ঘুরে বেড়াই আলোর রথে।

প্রতিষ্ঠার ঐ খণ্ডা হাতে সকলকে জানাই শারদীয় প্রীতি ও শুভেচ্ছা।

-ডাঃ দেবাশীষ মৃধা, চিনু মৃধা এবং অমিতা মৃধা



শিব মন্দির স্থাপনা কাল — ২০২১ খৃষ্টাব্দ

শ্রী ডাঃ দেবাশীষ মৃধা
শ্রীমতী চিনু মৃধা
শ্রীমতী অমিতা মৃধা

ঠিকানা

31696 Ryan Road, Warren, MI 48609

SHIVMANDIRMI.COM



শারদ উৎসব ১৪৩২

পঞ্চম সংকলন . প্রকাশ কাল

সম্পাদনায়: শ্রী সৌরভ দত্ত চৌধুরী

প্রচ্ছদ: নুর চিশতি

গ্রাফিক্স ডিজাইন: নুর চিশতি ও শ্রী রতন হাওলাদার

সার্বিক তত্ত্বাবধায়ণে: শ্রীমতী চিনু মৃধা

কৃতজ্ঞতা স্বীকার এবং বিশেষ সহযোগিতায়:

সর্বশ্রীঃ সুভাষ দাস, পুর্নেন্দু চক্রবর্তী অপু, রাখী রঞ্জন রায়, কমলেন্দু পাল, তপন শিকদার, হিমেল দাশ, অলক চৌধুরী, রাজর্ষি চৌধুরী গৌরব, সৌম্য চৌধুরী, অয়ন চক্রবর্তী, নীলিমা রায়, সুস্মিতা চৌধুরী, চিন্ময় আচার্য্য, অজিত দাস, প্রশান্ত দাস, শিল্পী পাল, হিরালাল কাপালি, তপন শিকদার, অন্তরা অন্তি, রাজশ্রী রায় চৌধুরী, রাহুল দাস, সৌরভ সরকার, ঝন্টু দাস, কুলেন্দু পাল, অরুপ পুরকায়স্থ, স্বদেশ রঞ্জন সরকার, চন্দনা ব্যানার্জী, মৃদুল সরকার, আশুতোষ চৌধুরী, বাবুল পাল, অতুল দস্তিদার এবং মিশিগান সনাতন কমিউনিটির সকল ভক্ত বৃন্দ।

সম্পাদকের কলামে --- সৌরভ দত্ত চৌধুরী

নৈসর্গিক সৌন্দর্যের আঁধার, এই প্রিয় বসুন্ধরায় আজ জগজ্জননী অবতীর্ণ হচ্ছেন। আনন্দময়ীর আগমন এই অশান্ত পৃথিবীর দুঃখ দুর্দশা পীড়িত জীবনে আশীর্বাদ স্বরূপ । প্রতিবছর শরৎকালে সনাতন ধর্মাবলম্বীদের এই মহোৎসব সামাজিক সংহতি, অনাবিল শান্তি এবং আনন্দের পরিপূরক সমৃদ্ধ এক সর্ববৃহৎ অনুষ্ঠান। যা বাঙালীর ঐতিহ্য ও কৃষ্টি স্বরূপ জাতিসংঘেও সর্ববৃহৎ উৎসব হিসেবে স্বীকৃতি পেয়েছে। আবহমান বাংলা সহ সমগ্র পৃথিবীতে আমাদের সংস্কৃতি ও সংগ্রামী চেতনাকে উজ্জীবিত করেই বিকশিত হয়েছে শারদ উৎসব। একদিকে আসুরিক শক্তির আস্ফালন, রক্তপাত ও নাশকতার বিরুদ্ধে দূঃসাহসী চিরায়ত সংগ্রাম যা যুগ যুগ ধরে মানব সভ্যতাকে সত্য ও ন্যায়ের প্রতি উদ্বুদ্ধ করেছে, স্বাধিকার প্রতিষ্ঠায় শক্তি যুগিয়েছে, অন্যদিকে শাশ্বত কল্যাণময়ী মাতৃ সত্ত্বা, স্নেহ সিক্ত করুণাময় কৃতার্থ করেছে তার প্রিয় সন্তানকে। অনাদিকাল অর্থাৎ সৃষ্টির শুরুতেই এই ধারা উৎসারিত যা শুধু মহাকাল বা ধর্মীয় গণ্ডির মধ্যেই সীমাবদ্ধ নয় বরং সামাজিক উন্নয়নের সকল উৎকর্ষতার শীর্ষে। মা দুর্গার অসুরদলন মূলত অত্যাচারীর বিরুদ্ধে শান্তিকামী মানবজাতির অপ্রতিরোধ্য বিজয়ের উড্ডীয়মান নিশান। বলাবাহুল্য সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের এই শারদ উৎসব শুধু কৃষ্টি কিংবা আচারেই

সীমাবদ্ধ নয়। এটা সম অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা, সামাজিক বৈষম্য ও সকল বঞ্চনার অবসানে সর্বদাই প্রাঞ্জল ভূমিকা রাখে । তাই অর্ঘ্য কিংবা অর্চনার পরিধিতেই শুধু সম্পৃক্ত নয়, এই উৎসবে আমরা মিলিত হই এক মহামিলনের আনন্দমেলায় । এটা বলার অপেক্ষা রাখে না যে আমাদের শিব মন্দির আজ গুটি গুটি পায়ে পঞ্চম বর্ষে পদার্পণ করেছে। এবং এই দীর্ঘ পথ পরিক্রমায় দুর্গাপূজো সহ অন্যান্য পুজো এবং সাপ্তাহিক গীতা পাঠ তৎসঙ্গে আমাদের কৃষ্টি ও সংস্কৃতির অনেক উৎসব প্রতিবছর সফলভাবে সম্পন্ন হয়েছে আপনাদের আন্তরিক সহযোগিতার মাধ্যমে। এটা অবশ্যই অনস্বীকার্য যে, আপনাদের সহযোগিতা এবং ভালোবাসাই আমাদের সকল প্রেরণার মূল উৎস। মা দুর্গার আশীর্বাদ, দেবাদিদেব মহাদেবের কৃপায় আজও এই দুর্গাপূজোর সংকলন প্রকাশিত হচ্ছে আপনাদের ভালোবাসার নিবিড় বন্ধন এবং সৌহার্দ্য সম্প্রীতির মহামিলনে। যারা বিজ্ঞাপন, লেখা, সংকলন উৎসাহ উদ্দীপনা এবং শারদ শুভেচ্ছা দিয়ে সাহায্য করেছেন তাদের সবার কাছে আমরা অসংখ্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আজ লেখকদের অবদানের কথা স্মরণ করতে গিয়ে আমার ভীষণ মনে পড়ছে আমার পরম বন্ধু ও স্নেহস্পদ সৌমিত্র দেব টিটোর কথা ।প্রতিবার আমাদের সংকলনে আমার পরম বন্ধু বাংলাদেশের প্রখ্যাত সাংবাদিক, কবি, সাহিত্যিক এবং বুদ্ধিজীবী স্বর্গত শ্রী সৌমিত্র দেব টিটো, আমাদেরকে সব সময় লেখা পাঠিয়ে সব সাহিত্য সংকলনকে সমৃদ্ধ করতো। কিন্তু গত আগস্ট ২০২৪ এ বাংলাদেশের রাজনৈতিক পট পরিবর্তনের পর সে নৃশংস জঙ্গি গোষ্ঠীর দ্বারা আক্রান্ত হয়, এতে তার কোন কোন ভাইটাল অর্গান ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিলো বলে কেউ কেউ অনুমান করছেন । এবং এই ঘটনার দুই তিন মাস পরেই সে আমাদেরকে ছেড়ে চিরতরে চলে যায়। বাংলা সাহিত্য ও সংস্কৃতির দিকপাল হিসাবে তার চলে যাওয়াতে যে অপূরণীয় ক্ষতি হয়েছে তা কোনদিনই পূরণ হবার নয়। আজ সংকলন প্রকাশনায় তাকে আমরা গভীর শ্রদ্ধা ভরে স্মরণ করছি। সৌমিত্র তুমি অমর রবে চিরকাল আমাদের হৃদয়ে। পরমেশ্বর ভগবানের কাছে তার বিদেহী শান্তি কামনা করি। সে যাই হোক, সংকলন প্রকাশনায় অনিচ্ছাকৃতভাবেই অনেক ভুল-ভ্রান্তি থেকে যায়, কিন্তু সময়াভাবে আমরা সেগুলো কাটিয়ে উঠতে পারি না। যদি কোন ত্রুটি থাকে সেটা আমাদের ব্যর্থতা। এবং অবশ্যই এগুলোকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। আমরা সব সময় স্বীকার করি যে, সব উৎসবের, সফলতা সব আপনাদের এবং ব্যর্থতা ও অক্ষমতা সব আমাদের। পরিশেষে মা দুর্গা যেন এই বিশ্বব্রহ্মাণ্ডে সবার মঙ্গল করুন। আজ ২০২৫ সালের শিব মন্দিরের শারদ উৎসবকে আপনারা স্বার্থক এবং সুন্দর করুন আপনাদের উপস্থিতি, আন্তরিক ভালোবাসা ও ভক্তি দিয়ে। বলতে দ্বিধা নেই যে, এবারের পুজো আরো বেশি সমৃদ্ধ ও ব্যতিক্রমধর্মী এই কারণে যে, উত্তর আমেরিকার সবচেয়ে পুরনো সংগঠন বিচিত্রা, এবার আমাদের পুজোতে নাটক পরিবেশন করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। তাদের প্রতি আমাদের কৃতজ্ঞতা এবং ভালোবাসা। সাথে সাথে এটাও অনেক আনন্দের ব্যাপার যে, এবার সরাসরি ভারত থেকে প্রখ্যাত গায়িকা শ্রীমতি মহুয়া ব্যানার্জি আসছেন আমাদের গ্রান্ড সেলেব্রেশনে সংগীত পরিবেশন করতে। এই দুই বৃহৎ উদ্যোগের জন্য শিব শিব মন্দিরের সম্মানিত প্রতিষ্ঠাতা ডঃ দেবাশীষ মৃধা এবং ব্যবস্থাপনা পরিষদের সকল সদস্য এবং স্বেচ্ছাসেবীবৃন্দকে অনেক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। শারদ শুভেচ্ছা এবং অভিনন্দন সবাইকে। বিশ্বব্রহ্মাণ্ডের সর্ববৃহৎ শারদোৎসব সার্থক এবং সুন্দর হোক এবং সবার পূজো খুব আনন্দে কাটুক এটাই প্রার্থনা রইলো জগজ্জননী মায়ের কাছে।

SHIV MANDIR
TEMPLE OF JOY
EST. 2021

"তুমি রবে নীরবে হৃদয়ে মম" কবি সৌমিত্র দেব টিটো কে নিয়ে স্মৃতিচারণ

- সৌরভ দত্ত চৌধুরী

দুর্গাপুজোর সংকলনে স্বভাবতই পুজো সংশ্লিষ্ট বিভিন্ন কবিতা, ছড়া বা প্রবন্ধ আমরা লিখে থাকি। কিন্তু ভীষণ দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে বাংলাদেশের মৌলভীবাজার শহরের কৃতি ছেলে দেশের প্রখ্যাত সাহিত্যিক, সাংবাদিক, কবি তথা বুদ্ধিজীবী সৌমিত্র দেব টিটোর স্মৃতিচারণ করতে চলেছি আজ । যেহেতু দুর্ভাগ্যবশত এবারের পুজোর সংকলন ছাপতে গিয়ে তার সঙ্গে আর ফোনালাপ করার সুযোগ হয়নি। কারণ এবার তাকে আমরা অকালেই চিরতরে হারিয়েছি। প্রতিবারের মতো হোয়াটসঅ্যাপে হ্যালো বলে "টিটো তোমার লেখা পাঠাও আমাদের পুজোর ম্যাগাজিন প্রকাশিত হবে" এই কথাটা শোনানো যায়নি আমাদের প্রিয় মানুষটাকে। গত আগস্ট ২০২৪ সালে বাংলাদেশে রাজনৈতিক পট পরিবর্তনের পর, সৌমিত্র তার সোশ্যাল মিডিয়া এবং সম্পাদিত নিউজ পত্রিকায় বিভিন্ন অন্যায়,অত্যাচার এবং উগ্রতার বিরুদ্ধে প্রতিনিয়ত পোস্ট দিতো, সে সময় আমি কয়েকবার তাকে সতর্ক করে বলেছিলাম যে, টিটো তুমি দেশে থেকে এরকম দুঃসাহসী পদক্ষেপ নিও না। আমার স্ত্রী সুস্মিতাও তার পোস্ট গুলো দেখে ভয় পেয়ে যেতো, বলতো "তোমার বন্ধুকে তুমি একটা সতর্ক করে দাও।" বলো যে, যে কোন সময় তার বিপদ হতে পারে, কিন্তু কে শুনে কার কথা। এটা বলতে না বলতেই যা আশঙ্কা করেছিলাম সেটাই ঘটলো, গত ৫ মাস আগে হঠাৎ আচমকাই উগ্রবাদী জঙ্গিগোষ্ঠী তার ওপর হামলা চালালো। যদিও তাৎক্ষণিকভাবে সে সময় তার কোন মারাত্মক ক্ষতি হয়নি। কিন্তু একমাস পর তাকে হাসপাতালে ভর্তি হতে হয় এবং দু তিন দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে হার মানতে হয়। তার আত্মীয়-স্বজনসহ শুভাকাঙ্ক্ষীরা অনুমান করছেন যে, ওই উগ্রবাদী হামলাতে হয়তো তার শরীরের অনেকগুলো ভাইটাল অর্গান ক্ষতিগ্রস্ত হয়েছিলো, সেজন্য এই অল্প বয়সে সে আমাদেরকে ছেড়ে চিরতরে হারিয়ে গেলো। টিটোর এই অকাল মহাপ্রয়াণে দেশ ও জাতি একজন প্রখ্যাত সাহিত্যিক, বুদ্ধিজীবী, দুঃসাহসী সাংবাদিক এবং প্রথিতযশা লেখককে হারালো। আর মৌলভীবাজারবাসী হারালো তাদের কৃতি সন্তানকে, এবং আমি নিজে আমার পরম বন্ধু ও স্নেহাস্পদ ভাইকে হারালাম। কেননা টিটোর সঙ্গে আমার এত ঘনিষ্ঠতা ছিল যে, সাহিত্য এবং সমাজ নিয়ে আড্ডা হতে হতে প্রায় রাতই পেরিয়ে যেতো। আলাপ আলোচনার স্রোতে প্রায়শই সাম্যবাদ, বৈষম্য বিরোধী আন্দোলন, সাম্রাজ্যবাদী নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়া, দুনিয়ার মজদুর এক হও। এসব স্লোগান আমাদের শহরের আহমদ ম্যানসনের দ্বিতীয় তলাতে স্থাপিত টিটোর বইয়ের দোকানের পাশ দিয়ে পেরিয়ে যাওয়া ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন এবং বিভিন্ন সংগঠনের মিছিলের প্রতিধ্বনি শোনা যেতো । বিকেলে এসব আড্ডার মধ্যে টিটোর অনেক কৌতুক এবং রম্য রচনাও আমাদেরকে ভীষণ আনন্দ দিতো। টিটোর বইয়ের দোকানে চায়ের আড্ডার মাঝে আরো বিভিন্ন প্রগতিশীল উদীয়মান কবি, লেখক, ছাত্রনেতাদেরও আনাগোনা ছিলো। যুক্তরাষ্ট্রে এসেছি প্রায় ২৬ বছর কিন্তু তার বইয়ের দোকানের সেই আড্ডার স্মৃতিটা এখনো অম্লান হয়ে আছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, ছাত্র জীবনে সে আমার জুনিয়র থাকলেও মন মানসিকতা রুচি, সংস্কৃতি এবং কৃষ্টিগত মিল থাকায় আমরা পারস্পরিকভাবে বন্ধু হয়ে উঠি। বিভিন্ন ধর্মের কুসংস্কার, সামাজিক ধর্মান্ধতা, অপসংস্কৃতি এবং উগ্রবাদের বিরুদ্ধে তার সঙ্গে আমার মতের মিল এবং অনেক সামাজিক এবং রাজনৈতিক আড্ডার পাশাপাশি তার লিখিত বিভিন্ন বইয়ের উপর গঠনমূলক সমালোচনাও হতো ওই লাইব্রেরীতে। আমাদের মৌলভীবাজার শহরে এই আড্ডা গুলো ছাড়াও টিটোর সঙ্গে আমার আরো অনেক মধুর স্মৃতি অম্লান হয়ে আছে। বিশেষ করে কলকাতা সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে বেড়াতে যাওয়া, যেগুলোর স্মৃতি আমার মনকে এখনো ভীষণভাবে নাড়া দেয়। টিটোর বাসস্থান ছিল আমাদের শহরের মনু ব্রীজের কাছে ডাকবাংলোর পাশেই। টিচুর বাবা শ্রী ছবি বাবু (এটা তার ডাকনাম ছিল) তিনি প্রখ্যাত প্রকৌশলী ছিলেন এবং তার কাকা শ্রী পরিমল দেব আমাদের মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ছিলেন, যে স্কুলে আমি নিজেও লেখাপড়া করেছি। আর টিটোর মা একজন সুশিক্ষিতা মহীয়ষী নারী ছিলেন। স্বভাবতই আমার আরো অনেক বন্ধুই ছিলো এই শহরে। কিন্তু টিটোর সঙ্গে আমার যে মেলামেশা সেটা সাহিত্য, সাংবাদিকতা, রম্য রচনা বিশেষ করে কুসংস্কারের বিরুদ্ধে একটা প্লাটফর্ম যেটাতে আমি এবং সে ওতোপ্রতোভাবে জড়িত ছিলাম। সে সংগঠনের নাম ছিল ভারতীয় বিজ্ঞান প্রযুক্তি সমিতি। সমিতি। ভারতের হলেও সেই সংগঠনের লৌকিক নয় অলৌকিক এসব কাহিনী এবং আদর্শ নিয়ে আমাদের মধ্যে ব্যাপক আলোচনা হতো। ছাত্র জীবন থেকেই টিটো আমাদের শহরের শিল্পকলা একাডেমী, জন মিলন কেন্দ্র এবং জাতীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানে স্বরচিত কবিতা আবৃত্তির পাশাপাশি বিভিন্ন পত্রিকায় লেখালেখি করতো। কৈশোর থেকে যৌবনে পদার্পণ করা মাত্রই তার কলমে উঠে আসে নির্ভীক সাংবাদিকতা। টিটো পুরো মাত্রাতেই অসাম্প্রদায়িক চেতনার এবং অন্ধ ধর্ম বিশ্বাসের বিরুদ্ধে ছিলো। মাঝেমধ্যে তাকে বাম ঘরানার বিভিন্ন সংগঠনের সঙ্গেও যুক্ত থাকতে দেখা যেতো।

TEMPLE OF JOY
EST. 2021

সাংবাদিকতা এবং লেখালেখিকে যখন সে পেশা হিসেবে বেছে নিয়েছে, তখনই মৌলভীবাজার শহর ছেড়ে তার বড় বোন যিনি ঢাকায় অবস্থান করেন মানে বড়দির ওখানে অস্থায়ীভাবে ওঠে। সেই থেকেই তার ঢাকাতে স্থায়ী ভাবে বাড়ী নেয়া, চট্টগ্রামে বিয়ে করে সংসারী হওয়া। ঢাকাতে বিভিন্ন সংগঠন অর্থাৎ সাহিত্য ও সাংস্কৃতিক পরিষদে যুক্ত হওয়ার সুবাদে জাতীয় পর্যায়ের অনেক লেখক বুদ্ধিজীবী ও শিক্ষাবিদদের সঙ্গে তার গভীর সম্পর্ক গড়ে ওঠে। এমনকি ঢাকাতে অবস্থানকালীন সময়ে তার নিজস্ব সম্পাদনায় অনেকগুলো অনলাইন পত্রিকা, লিটল ম্যাগাজিন প্রকাশনা সংস্থার সঙ্গে সখ্যতাও গড়ে ওঠে। তাই অমর একুশের জাতীয় গ্রন্থ মেলাতে তার সম্পৃক্ততা সহ তার নিজস্ব স্টলও থাকতো প্রথম সারিতে। এবং সাথে সাথে সে সময় তার লেখা অনেকগুলো বইও প্রকাশিত হতো। তাই ফেব্রুয়ারী মাস আসার আগেই সব সময় তাকে অনেকটা ব্যস্ত, উদ্যমী এবং এক্সাইটেড হতে দেখতাম। তবে আমি আমেরিকাতে চলে আসার পর অনেকটাই যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়, কিন্তু তাকে প্রায়ই দেখতাম তৎকালীন সরকারের বিভিন্ন মন্ত্রী, আমলা এমনকি প্রধানমন্ত্রীর সঙ্গে ও বিভিন্ন জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণ করতে। এছাড়াও বিভিন্ন জাতীয় ইস্যুতে সব সাহিত্যিক এবং বুদ্ধিজীবীদের যে মিলনমেলা, এসব প্রোগ্রামে বা টিভিতে তাকে প্রায়ই আলোচনা করতে দেখা যেতো। তখন এসব দেখে খুবই ভালো লাগতো, এবং গর্ববোধ করতাম যে, মনে হতো আমার একসময়ের পরম বন্ধু এবং ছোট ভাই আজ জাতীয় পর্যায়ে বিভিন্ন বিখ্যাত মানুষের সঙ্গে সখ্যতা গড়ে তুলেছে এবং দিন দিন সেলিব্রেটি হয়ে যাচ্ছে। সে যাই হোক, তার তো আর গুণের শেষ নেই ,তার স্মৃতিচারণ করতে আমার চোখ আরো বেশি ছলছল করছে। আজ এই মুহূর্তে সবচেয়ে বেশি মনে পড়ছে, টিটো এবং তার মায়ের সঙ্গে আমার তিন সপ্তাহ কাটানো ভারত ভ্রমণের কথা। প্রসঙ্গত উল্লেখ্য যে, টিটোর সঙ্গে মিশতে গিয়ে ওদের বাড়িতে প্রায়ই যাওয়া আসা হতো, সেই সুবাদে মাসীমণির আমন্ত্রণে আমরা তিনজন অর্থাৎ টিটো তার মা এবং আমি তাদের আত্মীয় স্বজনদের বিশেষ করে মামা মাসিদের বাড়ি পশ্চিমবঙ্গে পাড়ি জমাই। টিটোদের মামাবাড়ি মূলত বাংলাদেশের আদি ময়মনসিংহ জেলায় ছিল। পরবর্তীতে তাদের মামা মাসি, দাদু দিদীমা, সবাই ভারতে চলে যান। সেজন্য মাসীমণির এক অমোঘ টান ছিল তার ভাই-বোনদের কে এক নজর দেখা। আর সেজন্যই এ প্রস্তাবটা আমার সামনে উপস্থাপনও করেছিলেন। সেটা প্রায় ৯০ দশকের কথা। তখন আমরা দুজনেই কৈশোর পেরিয়ে যৌবনে পদার্পণ করেছি, এই প্রস্তাব পেয়ে আমিও খুব এক্সাইটেড হলাম এবং আমার পরিবারের অনুমতি নিয়ে সঙ্গে সঙ্গে পাসপোর্ট করিয়ে নিলাম। তখন কিন্তু পেট্রাপোল বা বনগাঁ সহ বেনাপোল বর্ডারে এত ভীড় ছিল না। দু দেশের মধ্যেই যাতায়াত স্বাভাবিক ছিলো। আমরা খুব কম সময়ের মধ্যেই, কাস্টমস, ইমিগ্রেশন পেরিয়ে বনগাঁ শহরে হলুদ ট্যাক্সিতে (এখনকার মত উবার বা অ্যাপ ট্যাক্সি ছিল না) উঠে পড়লাম। হাবড়া, বারাসাত, মধ্যমগ্রাম, সোদপুর হয়ে আমাদের ট্যাক্সি থামলো টিটোদের সেজো মামার বাড়ি ডানলপে। কলকাতার ডানলপ, দক্ষিণেশ্বরের প্রায় কাছাকাছি। ডানলপে টিটোর তিন মামা থাকতেন। আর বড় মামা থাকতেন আরও একটা জায়গায়। তো আমরা সেজো মামার ঘরেই উঠেছিলাম প্রথম সপ্তাহে। অন্যান্য মামা মাসী, কেউ রয়েছেন রায়গঞ্জে, কেউ শিলিগুড়িতে, কেউবা অন্য শহরে। অর্থাৎ সে সময় উত্তর-পূর্ব ভারতের সব জায়গায় আমরা বেড়িয়েছিলাম। তবে প্রথম দিন আমরা কোথাও বেড়াতে যাইনি, যেহেতু খুব ক্লান্ত ছিলাম। কিন্তু দ্বিতীয় দিনই মামা মামীদের সঙ্গে নিয়ে আমরা দক্ষিণেশ্বরের মাকে দর্শন করলাম, সাথে সাথে বেলুড় মঠ, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, ময়দান, বিড়লা প্লানেট ,শ্যামবাজার, শোভাবাজার মল্লিক বাড়ি, এসব জায়গা দর্শন করলাম। সেবার আমাদের বেড়ানোর গতিটা এতই দুর্বার ছিলো যে, প্রচন্ড ধুলোবালির প্রকোপে টিটো কিছু সময় (হাঁপানির) শ্বাসকষ্টে ভুগে ছিলো। সে সময় মাসীমনিকে দেখেছিলাম খুব হতাশ হয়ে পড়তে, কারণ তার একমাত্র ছেলে টিটো। যাই হোক ঈশ্বরের কৃপা, তার সঙ্গে সব সময় অ্যালবিউট্রল ইনহেলার থাকতো, সেজন্য ২-১ মিনিট কষ্ট হলেও আবার সবকিছু স্বাভাবিক হয়ে যেতো। সেবার কলকাতা ভ্রমণের পর আবার আমরা ছোট মাসীর বাড়ি উত্তর দিনাজপুর, রায়গঞ্জেও দুদিন থেকে যাই। এরপর পরবর্তী পর্যায়ে আমাদের মিশন ছিল উত্তরবঙ্গ অর্থাৎ দার্জিলিং এবং শিলিগুড়ি। তখন কলকাতা থেকে অর্থাৎ হাওড়া এবং শিয়ালদা থেকে দার্জিলিং মেলে বেশি যাওয়া আসা হতো। এখনকার মত সুপার ট্রেন ছিলো না।

SHIVMANDIR
TEMPLE OF JOY
EST. 2021

শিলিগুড়িতে তার মাসির বাড়িতে আমাদের অনেক আনন্দ হয়েছিলো। এটাকে বলা হয় উত্তর কন্যা। পাহাড়ি শহর, আশেপাশেই অনেক ঝরনা, ছোট ছোট নদী, পাথর , চা বাগানের নৈসর্গিক সৌন্দর্য মিলেমিশে একাকার। আর দার্জিলিং তো আরো অপূর্ব সুন্দর জায়গা। মাঝেমধ্যেই লক্ষ্য করলাম, কবি টিটো তখন আর পর্যটক নন, তাকে দেখা গেলো ঝরনার কাছে কবিতা লিখতে আর প্রকৃতির অপরূপ সৌন্দর্যকে উপভোগ করতে। শিলিগুড়িতে টিটোর মেসোর সৌজন্যে আমার জীবনের প্রথম মম খাওয়া হয়। জীবনের প্রথম সবকিছুই মনে থাকে, তাই মম খাওয়াটা আমার এখনো মনে পড়ছে। একটা নেপালি রেস্টুরেন্টে তিনি আমাদেরকে নিয়ে গিয়েছিলেন। একদম গরম ভাপা মম তার সঙ্গে গরম সুপ যেন অমৃতের মত স্বাদ ছিলো। সেই স্মৃতি এখনো ভুলিনি। শুরুতেই বলছিলাম টিটো সাংবাদিকতায় প্রচন্ড সাহসী এবং নিরপেক্ষতা বজায় রাখতো, তাই আমরা অলৌকিক নয় লৌকিক এই সিরিজের যে বিখ্যাত লেখক, শ্রী প্রবীর ঘোষ যিনি একাধারে ভারতীয় বিজ্ঞান এবং প্রযুক্তি সমিতির সভাপতি, তার সাক্ষাৎকার নেওয়ার চেষ্টা করি। ভারতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সমিতি মূলত ধর্মীয় কুসংস্কার, ধর্মান্ধতা নিয়ে বিভিন্ন সাধু, জ্যোতিষী, দরবেশ বাবাদের অলৌকিক কাহিনীকে বিজ্ঞানসম্মতভাবে ব্যাখ্যা করে লৌকিক বলে মানুষকে বিশ্বাস করাতো অর্থাৎ কোন কিছুই অলৌকিক নয় সবকিছুরই যৌক্তিকতা এবং বিজ্ঞানসম্মত ব্যাখ্যা এবং এর মধ্যে অনেক ছলচাতুরি রয়েছে। এক শ্রেণীর ভন্ড স্বার্থান্বেষী মহল এটাকে কাজে লাগিয়ে প্রচুর টাকা কামিয়ে নিচ্ছে এবং প্রতিনিয়ত সরল সহজ মানুষদেরকে বোকা বানাচ্ছে। শুরুতেই বলেছিলাম টিটো বাস্তববাদী এবং অসাম্প্রদায়িক মানুষ তাই এগুলোর প্রতি তার অনেক আগ্রহ ছিলো। এবং যেরকম পরিকল্পনা সেরকমই বাস্তবায়ন। একদিন হুট করে আমরা দুজনে প্রবীর ঘোষের বাড়ি হাজির হয়ে যাই। তিনিও আমাদেরকে আপ্যায়ন করে তার সাক্ষাৎকার প্রদান করেন। পরবর্তীতে দেশে ফেরার পর দেখেছিলাম টিটো জাতীয় একটা পত্রিকাতে এই সাক্ষাৎকার প্রকাশ করেছিলো। এভাবেই অনেক স্মৃতি রয়েছে আমার পরম বন্ধু টিটোর সঙ্গে। কিন্তু সব কাহিনীরইতো একটা যবনিকা রয়েছে, আমাকেও এই স্মৃতিচারণ থেকে এখন ক্ষান্ত হতে হবে। তবে এটা বলতে পারি, তার চলে যাওয়াতে আমাদের যে অপূরনীয় ক্ষতি হয়েছে সেটা কোনদিনই পূরণ হবার নয়। এত অল্প বয়সে তার চলে যাওয়া সে যদি বেঁচে থাকতো এই পৃথিবী এই সমাজকে তার অনেক কিছু দেবার ছিলো। জানিনা টিটোর মনে কি ছিল, গতবার রতনদার সঙ্গে আলাপ করে তার কাছ থেকে একটাই লেখা চেয়েছিলাম কিন্তু সে পাঠিয়েছিলো দুটো লেখা। এটা কি কোন মীরাকল ঘটনা কিনা জানিনা, তবে গতবার আমরা ছেপে ছিলাম একটা আর যেটা আমাদের হাতে ছিল সেটা আবার এই ম্যাগাজিনে দিয়ে দিলাম। এটাই শুরুতে বলছিলাম যে, এদের কোন মৃত্যু নেই ।এই দেখুন এবারের এই লেখা পড়েই অনেকে ভাববেন টিটো এই বিশ্বব্রহ্মাণ্ডে এখনো অবস্থান করছে সে মৃত্যুঞ্জয়ী সে অপরাজেয়, সে নির্ভীক। সে যেন সেই শরৎচন্দ্রের কাহিনীর একজন দুঃসাহসী ইন্দ্র। তুমি সব সময় আমাদের হৃদয়ে থাকবে টিটো ,এটাই তোমাকে প্রতিশ্রুতি দিতে পারি। সবাই ওর বিদেহী আত্মার শান্তির জন্য ভগবানের কাছে প্রার্থনা করবেন। যুগ যুগ জিও আমাদের টিটো।







আপনি আচরি ধর্ম লোকেরে শিখায়

ডাঃ স্বদেশ রঞ্জন সরকার

এই কথাটি শ্রীচৈতন্য লীলা প্রসঙ্গে বলা হইয়াছে। ভগবান শ্রীকৃষ্ণও বলিতেছেন, আমি লোক শিক্ষার্থ স্বয়ং কর্ম করি। বস্তুতঃ লোক শিক্ষার্থই ঈশ্বরের অবতার মানব দেহ ধারণ অবতারগন মানবধর্ম স্বীকার করিয়া মানবী শক্তির সাহায্যেই কর্ম করিয়া থাকেন, নচেৎ লোকে তাহাদের আদর্শ ধরিতে পারে না।এই ভাবে দেখিলে তাহারা আদর্শ মনুষ্য শ্রীচৈতন্য ভক্তরূপে স্বয়ং আচরণ করিয়া প্রেমভক্তি দিয়াছেন। বুদ্ধদেব ত্যাগ ও বৈরাগ্যের প্রতিমূর্তি, শ্রী রামচন্দ্রে কর্তব্য নিষ্ঠার চরমোৎকর্ষ আর শ্রীকৃষ্ণ সর্বত পূরণ সর্ব কর্ম কৃৎ।কৃষ্ণই হিন্দুর জাতীয় আদর্শ। যখন কোন দেশ সমাজ ও জাতি মানবতার সমস্ত গুণ গুলোকে হারিয়ে ফেলে, অত্যাচার অবিচারে দেশ জর্জরিত হয়ে ওঠে। কু আচার ব্যভিচার মানুষের মনুষ্যত্বকে পশুতে পরিণত করে। ধর্মের নামে অধর্ম দেশ ও সমাজকে গ্রাস করে। শিক্ষার নামে অশিক্ষার স্রোত বইতে থাকে, সভ্যতার নামে অসভ্যতার পিরামিড তৈরি হয়। শাসনের নামে কুশাসন জাকিয়ে বসে। রক্ষক স্বয়ং ভক্ষকের আসনে অধিস্টিত হন। জননী আপন বাচ্চাকে বিপদগামী করে। শিক্ষক আপন ছাত্র-ছাত্রীকে পথ হারা করে। নর-নারীর চরিত্রহীনতা নগ্নতা মানুষকে লজ্জা না দিয়ে উৎসাহিত করে।

পরোপকার, পরকল্যাণ, পরমত সহিষ্ণুতা এ সংসার হতে বিদায় নেয়। পরস্ত্রীকাতরতা মানুষকে পশুতে পরিণত করে। ক্ষমা, দয়া মায়া মমত্ স্নেহ ভালোবাসা মানুষের স্বর্গীয় গুণগুলো নিশ্চিহ্ন হতে থাকে। প্রেম প্রীতি স্নেহ ভালবাসা নামে মানুষের যৌন ক্ষুধা, পাশবিক আচরণ বনের পশুকেও লজ্জা দেয়। প্রতারণা, প্রবাঞ্চনা, বিশ্বাসঘাতকতা, শঠতা বিরামহীন ভাবে প্রতিটি পদক্ষেপে প্রত্যেকেরই প্রাপ্য হয়ে ওঠে বিধাতা পুরুষ প্রেরিত প্রাচীন প্রত্যাদেশ গুলো তাদের আসল সত্তা হারিয়ে বস্তা পচা কাগজে পরিণত হয়। দেশ ও সমাজে দুর্গত অবস্থায় অসংখ্য মানুষের ধর্ম বেদনা করুন আর্তনাদ ও অন্তরের বেদনা বিধাতার সিংহাসনকে কাপিয়ে তুলে ।তখন সেই পরম দয়াল দয়াময় পরম পিতা আর থাকতে পারেন না। প্রতিকার কল্পে পাঠান তার প্রত্যাদেশ সহ প্রেরিত পুরুষ, যিনি সমস্ত কিছুকে তছনছ করে মানুষ রচিত পাপের পিরামিড গুলোকে এবং সেই ধ্বংসস্তূপের উপর সৃষ্টি করেন এক নব সৃষ্টি, নতুন ধর্ম, নবীন পথ। যে সৃষ্টিতে বা যে ধর্মে তাকে না কোন পার্থক্য যা মানুষকে এনে দেয় তার শাশ্বত ব্যক্তি অধিকার যা মানুষকে প্রতিষ্ঠিত করে তার মনুষ্যতে। সমাজকে করে সুন্দর, শুভময় যা সংসারকে করে শান্তিময় শ্রী বৃদ্ধিময়। মানুষকে ফিরিয়ে দেয় তার মানুষের ধর্ম মনুষ্যত্বকে, মানুষের দীপ্ত মানবতাকে।

এজন্যই ধর্ম মনুষ্যত্বের উত্তরণে ধর্মেরেই অকৃত্রিম আহ্বানঃ বিচ্ছেদ নয় মিলন, বিবাদ নয় বন্ধন, বিদ্বেষ নয় প্রেম, হিংসা নয় ভালোবাসা। ধর্ম মানবজাতির সাংহতি সমুন্নত রাখার মহান হাতিয়ার। এদিকে লক্ষ্য রেখে জীবনযাপনের নামই ধর্ম।



শারদীয় দুর্গোৎসব : প্রবাস ও মাতৃভূমির মিলনসেতু

চিন্ময় আচার্য্য

শারদীয় দুর্গোৎসব বাঙালির প্রাণের উৎসব। শরতের নীল আকাশ, শিউলি-গন্ধমাখা ভোর, কাশফুলে দুলতে থাকা মাঠ সবকিছু যেন দুর্গোৎসবকে কেন্দ্র করে নতুন প্রাণ ফিরে পায়। মা দুর্গার আগমন শুধু ধর্মীয় আচার নয়, এটি আমাদের সংস্কৃতির গভীর শেকড়ে প্রোথিত একটি সামাজিক ও মানবিক উৎসব। বাংলাদেশে যেমন, তেমনি পৃথিবীর নানা প্রান্তে প্রবাসী বাঙালির জীবনেও এই উৎসব এক বিশেষ আবেগ ও স্মৃতির জায়গা জুড়ে আছে।

আজ যখন বিশ্বজুড়ে বিভাজন, হিংসা ও বৈরিতার কালো ছায়া দেখা দেয়, তখন দুর্গোৎসব আমাদের মনে করিয়ে দেয় অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির জয় অনিবার্য। মহিষাসুর নিধন আসলে প্রতীকী রূপ; এখানে বার্তা হলো অন্যায়, অবিচার ও অসত্যকে পরাজিত করে সত্য, ন্যায় ও সৌন্দর্যের প্রতিষ্ঠা। বাংলাদেশ ও প্রবাসের দুর্গাপূজা মণ্ডপগুলোতে হিন্দু-মুসলিম নির্বিশেষে সকল ধর্ম ও সম্প্রদায়ের মানুষ মিলেমিশে আনন্দ ভাগাভাগি করেন। এ ঐক্যের চিত্রই আমাদের সমাজকে আরও সুন্দর করে তোলে। তাই দুর্গোৎসব কেবল হিন্দু সমাজের নয়, এটি হয়ে উঠেছে সামগ্রিকভাবে বাঙালি জীবনের উৎসব।

প্রবাসে, বিশেষ করে ইউরোপ-আমেরিকা ও মধ্যপ্রাচ্যের শহরগুলোতেও দুর্গোৎসব হয়ে উঠেছে মিলনমেলা। স্বদেশ থেকে দূরে থেকেও প্রবাসীরা যেন নতুন করে খুঁজে পান শিকড়ের টান। মন্দির কিংবা কমিউনিটি সেন্টারে গড়ে ওঠা পূজা-মণ্ডপগুলো একদিকে ধর্মীয় অনুভূতির কেন্দ্র, অন্যদিকে এটি প্রবাসী প্রজন্মের কাছে বাঙালিত্ব পরিচয়ের ধারক। মা দুর্গার প্রতিমার সামনে দাঁড়িয়ে সবাই মনে করেন দেশ থেকে দূরে থেকেও আমরা একসূত্রে বাঁধা।

তবে পার্থক্যও স্পষ্ট। বাংলাদেশে পূজা মানেই জনজোয়ার, সর্বজনীন আনন্দে ভাসা, উৎসবের ছুটির আবহ; আর প্রবাসে পূজা অনেক সময় সীমিত পরিসরে হলেও থাকে আবেগঘন উষ্ণতা। বাংলাদেশে শেকড়, আর প্রবাসে সেই শেকড়ের পুনর্নির্মাণ।

এ কারণেই বলা যায়, শারদীয় দুর্গোৎসব শুধু একটি ধর্মীয় উৎসব নয়, এটি দেশ ও প্রবাসের মধ্যে হৃদয়ের সেতুবন্ধন। উৎসবের এই মিলনমঞ্চ আমাদের মনে করিয়ে দেয়, ভৌগোলিক দূরত্ব যতই হোক, সংস্কৃতির টান আমাদের একই সুতোয় গেঁথে রাখে।

আমরা প্রত্যাশা করি, বাংলাদেশ ও প্রবাসের দুর্গোৎসব হোক শান্তি, সম্প্রীতি আর ভ্রাতৃত্বের প্রতীক। মা দুর্গা আসুন অশুভ শক্তিকে বিনাশ করে শুভ, সত্য ও সৌন্দর্যের আলোয় ভরিয়ে তুলুন আমাদের সমাজ ও পৃথিবী।



দেবী দুর্গা এবং প্রবাসে দুর্গা পূজা - চন্দনকৃষ্ণ পাল

দেবী দুর্গার আর্বিভাব ও অন্যান্য প্রসঙ্গ

দেবী দুর্গার আর্বিভাব সম্পর্কে আমরা সবাই কমবেশী জানি। এক বিশেষ মূহুর্তে যখন মহিষাসুরের প্রচন্ড প্রতাপ ছিন্ন ভিন্ন করে দিচ্ছিলো স্বর্গরাজ্য, যখন সবাই ভাবছিলো দেবতাদের বিনাশ মূহুর্ত সমাগত, সেই সময়ই তৈরী করে দেবীর রূপ। রক্ষা পায় স্বর্গরাজ্য। মূলত দেবগণের মূখ নিসৃত তেজোপুঞ্জ বা সম্মিলিত শক্তি থেকেই যে জ্যোর্তিময় নারীমূর্তি সৃষ্টি হয়েছিলো সেই নারীমূর্তিই দুর্গা। পুরান মতে দেবী দুর্গার দেহের বিভিন্ন অংশ বিভিন্ন দেবতার তেজ থেকে গঠিত। সেই সূত্রে দেবাদিদেব মহাদেব এর তেজ থেকে দেবীর মুখশ্রী, যমরাজের তেজ থেকে দেবীর কেশরাজি, ভগবান বিষ্ণুর তেজ থেকে দেবীর বাহুসমূহ, চন্দ্রের তেজ থেকে দেবী স্তনযুগল, দেবরাজ ইন্ত্রের তেজ থেকে দেবীর দেহের মধ্যভাগ, বরুনদেবের তেজ থেকে দেবীর জঙ্ঘা ও উরুদ্বয়, ভূদেবীর তেজ থেকে দেবীর নিতম্বদেশ, স্রষ্ঠা ব্রক্ষার তেজ থেকে দেবীর পদদ্বয় গঠিত হয়। সূর্যের তেজ থেকে দেবীর পায়ের আঙুল, বসুগণের তেজ থেকে হাতের আঙুল, ধনাধিপতি কুবের এর তেজ থেকে দেবীর নাসিকা, প্রজাপতির তেজ থেকে দেবীর দন্তসমূহ, অগ্নিদেবের তেজ থেকে দেবীর নয়নত্রয়, সন্ধ্যাদেবীর তেজ থেকে দেবীর ভ্রুযুগল, পবনদেব এর তেজ থেকে দেবীর কর্ণদ্বয় সৃষ্টি হয়। এছাড়া অন্যান্য দেবতার তেজ থেকে দেবীর দেহের অন্যান্য অংশগুলি গঠিত হয়। অর্থাৎ সমস্ত দেবতার তেজোরাশির সংমিশ্রিত রুপই দেবী দূর্গা।

দেবীর অবয়ব তো তৈরী হলো। এবার তাকে সাজাতে হবে যুদ্ধ সাজে। না হলে দেবী অসুর এর সাথে যুদ্ধ করবেন কিভাবে? তখন দেবতারা তাদের নিজেদের অস্ত্র দিয়ে সাজিয়ে তুললেন দেবীকে। প্রথমেই মহাদেব তার নিজস্ব শূল থেকে আর একটি শূল সৃষ্টি করে দেবীকে উপহার দিলেন। বরুনদেব দিলেন শংখ। হুতাশন দিলেন শক্তি। পবনদেব ধনুক ও বাণপূর্ণ তূণ দিলেন। দেবরাজ ইন্দ্র এক হাতে দিলেন বজ্র অন্য হাতে ঘন্টা, যমরাজ কালদন্ড থেকে একটি দন্ড উৎপন্ন করে দেবীকে দিলেন। সমুদ্র দিলেন পাশাস্ত্র। ব্রহ্মা দিলেন অক্ষমালা ও কমন্ডুলু। সূর্য তার রশ্মির অনুরূপ রশ্মি থেকে তেজোময় রশ্মি দিলেন দেবীর সমস্ত রোমকূপে। ভগবান কাল খড়্গ ও চর্ম দিলেন। ক্ষীরোদ সমুদ্রের অধিষ্ঠাত্রী দেব নির্মল হার, বস্ত্র যুগল, চূড়ামনি, দিব্যকুন্ডল, কটক এবং অধচন্দ্র অর্পণ করে দেবীর সকল বাহুতে কেয়ুর প্রদান করলেন। এছাড়া দেবীর পদযুগলে নূপুর, গলায় হার, হাতের প্রতিটি আঙুলে অঙ্গুঁরীয় দিলেন। বিশ্বকর্মা দেবীর হাতে নানাবিধ অস্ত্র এবং অভেদ্য চর্ম প্রদান করলেন। সমুদ্র দেবতা দেবীর মাথায় ও বক্ষদেশে একটি করে পদ্মের মালা ও হাতে একটি পদ্ম প্রদান করলেন। হিমালয় পর্বত দেবীকে বাহনরূপে একটি সিংহ ও একটি রত্ন প্রদান করলেন। ধনাধিপতি কুবের প্রদান করলেন সুরাপূর্ণ পান পাত্র। নাগাধিপতি মহামনি ভূষিত নাগহার দেবীকে অর্পণ করলেন। এছাড়া অন্যান্য দেবতাগণ বহুবিধ অস্ত্র, অলংকার দিয়ে দেবীকে ভূষিত করলেন। সমস্ত অস্ত্রে, অলংকারে সজ্জিত হয়ে দেবী ধারণ করলেন তেজোময়ী রূপ। তিনিই দেবী দূর্গা।

দেবী দূর্গার এই রূপ দেখে অসুররা দিশেহারা হয়ে পড়েছিলো। তার মধ্যেও শুম্ভ নিশম্ভ দেবীর সাথে যুদ্ধ করতে এলো। দেবীর এই দিব্য শক্তি দেখে প্রথমে এগিয়ে আসা শুম্ভ বিব্রত বোধ করলো। বিদ্রুপের সাথে বললো, দেবী, তুমিতো দেবকূলের শক্তিগ্রহণ করে যুদ্ধ করছো। আমরা যুদ্ধ করছি একা একা। তুমিও আমাদের মতো একা একা যুদ্ধ করো। তখন বুঝা যাবে কার কতো ক্ষমতা। দেবী তখন দেবশক্তি জ্যোতি নিজের মধ্যে সংযত করে ফেললেন এবং দেখিয়ে দিলেন যেন সমস্ত জ্যোতিই তার সৃষ্টি। তিনি বললেন, আমি ছাড়া জগতে দ্বিতীয় কোন শক্তি নেই। আমি একমাত্র শক্তি। শুম্ভ-নিশুম্ভ অবাক হয়ে গেলো। তারা দেবীর স্বরূপ দর্শন করলো। প্রকাশ হয়ে গেল দেবীই সমস্ত শক্তির উৎস।

মহিষাসুর ব্রক্ষার কাছ থেকে বর পেয়েছিলো যে কোনও পুরুষ দেবতা তাকে হত্যা করতে পারবে না। এই মহিষাসুরকে দেবী তিন বার হত্যা করেন। প্রথমে অষ্টদশভূজা উগ্রচন্ডা রূপে দ্বিতীয় ও তৃতীয় বারে তাকে হত্যা করেন দশভুজা দুর্গারূপে। মহিষাসুর স্বপ্নে ভদ্রকালীর মূর্তি দেখে আরাধনা করে এবং আরাধনায় সন্তুষ্ট হয়ে দেবী তাকে দর্শন দেন। সে দেবীকে জানায় মৃত্যু ভয় তার নাই। তবে সেও দেবীর সাথে পৃথিবীতে পূজো পেতে চায়। তখন দেবী তাকে বর দেন যে 'ভদ্রকালী', 'দূর্গা' এবং 'উগ্রচন্ডা' এই তিন মূর্তিতে সে তার পদলগ্নাহয়ে থাকবে এবং দেবতা রাক্ষস এবং মানুষ তাকে পূজো করবে। দেবীর সেই আর্শীবাদ আজও প্রতিপালিত হচ্ছে এই পৃথিবীতে।

উপমহাদেশে দুর্গাপূজা

দুর্গাপূজা বা **দুর্গোৎসব** ভারতীয় উপমহাদেশে প্রচলিত একটি হিন্দু উৎসব। যা সারা বিশ্বের হিন্দু সম্প্রদায় পালন করে থাকেন । দুর্গাপূজা ভারত, বাংলাদেশ, নেপালসহ ভারতীয় উপমহাদেশ ও বিশ্বের একাধিক রাষ্ট্রে পালিত হয়ে থাকে। তবে সনাতনী বাঙালির প্রধান উৎসব হওয়ায় ভারতের পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা ও ঝাড়খণ্ড রাজ্যে ও বাংলাদেশে দুর্গাপূজা বিশেষ জাঁকজমকের সঙ্গে পালিত হয়ে থাকে। ভারতের অন্যান্য রাজ্যে প্রবাসী বাঙালি সনাতনীগণ ও স্থানীয় জনসাধারণ নিজ নিজ প্রথা মাফিক শারদীয়া দুর্গাপূজা বা নবরাত্রি উৎসব পালন করে।

প্রবাসে দুর্গাপূজা

পৃথিবীর বিভিন্ন দেশে দীর্ঘদিন ধরে কর্মসূত্রে বাঙালিরা বসবাস করছেন। একটা সময় বাঙালির পরিমান সীমিত থাকলেও বতর্মানে বিভিন্ন দেশে বিশাল বাঙালি জনগোষ্টির বসবাস রয়েছে। এর ফলশ্রুতিতে বাঙালি সংস্কৃতির প্রধান ধমীর্য় উৎসব দুর্গাপূজা বসবাসরত বাঙালি হিন্দুরা নিয়মিত পালন করে আসছেন।

প্রবাসেও দুর্গাপূজা এক গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক ও ধর্মীয় উৎসব যা বিশ্বের নানা প্রান্তে বসবাসরত বাঙালি হিন্দুদের দ্বারা উদযাপিত হচ্ছে। যদিও এটি মূলত পশ্চিমবঙ্গ, বাংলাদেশ, আসাম ও ত্রিপুরার একটি বৃহৎ উৎসব, কিন্তু প্রবাসেও এই পূজার গুরুত্ব কোনো অংশে কম নয়।

নিম্নে প্রবাসে দুর্গাপূজা সম্পর্কে সামান্য আলোকপাত করা হলো:

প্রবাসে দুর্গাপূজার উদ্যোক্তা ও আয়োজক মূলত স্থানীয় বাঙালি সংগঠন বা সমিতি, প্রতিষ্ঠিত মন্দির ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রী।পূজাগুলো সাধারণত কমিউনিটি হল, স্কুল অডিটোরিয়াম বা মন্দির প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।কর্মব্যস্ত জীবনের কারণে অনেক সময় শনি-রবিবার বা লং উইকেন্ডে পূজা অনুষ্ঠিত হয়।কোন কোন ক্ষেত্রে সময়ের স্বল্পতায় পূজার সময় সীমিত করা হয়।অনেক জায়গায় এক দিন থেকে তিন দিন পর্যন্ত পূজা চলে। মূর্তি ও সাজসজ্জার ক্ষেত্রে সুবিধার কথা চিন্তা করে এবং মাটির মূর্তি প্রায়শই ভারী ও পরিবহন ব্যয়বহুল হওয়ায়, অনেক সময় ফাইবার গ্লাস বা প্লাস্টার অফ প্যারিস (POP) এর মূর্তি ব্যবহার করা হয়। কিছু কিছু জায়গায় ইদানিং পূজার জন্য ভারতে তৈরি মূর্তি আমদানি করা হয়।সাজসজ্জা সাধারণত স্থানীয় স্বেচ্ছাসেবকদের দ্বারা করানো হয়ে থাকে। পূজার নিয়ম ও রীতিনীতির ক্ষেত্রে নিয়ম মেনে বোধন, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী ও দশমী পালন করা হয়। অনেক সময় পুরোহিত আনা হয় ভারত বা বাংলাদেশ থেকে, তবে অধিকাংশ ক্ষেত্রে স্থানীয় পুরোহিতরাও পূজা পরিচালনা করেন।

বিশ্বের বিভিন্ন দেশে দুর্গাপূজা

যুক্তরাষ্ট্র:

আমেরিকায় দুর্গা পূজা উদযাপনের ঐতিহ্য বেশ দীর্ঘ এবং বৈচিত্র্যময়। প্রথমে অভিবাসী বাঙালি সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ থাকলেও, এখন এই উৎসবটি সারা দেশজুড়ে ছড়িয়ে পড়েছে এবং বাঙালিদের পাশাপাশি অন্যান্য ভারতীয় সম্প্রদায় এবং বিদেশি দর্শনার্থীদের মধ্যেও জনপ্রিয় হয়েছে।

আমেরিকার সেরা ১৩ টি দুর্গা পূজা

১. নিউ জার্সির কল্লোলের দুর্গা পূজা :
২. গার্ডেন স্টেট পুজো কমিটির দুর্গা পূজা :
৩. ভ্যালি বেঙ্গলি কমিউনিটির দুর্গাপূজা :
৪. প্রবাসী বাঙালি অনিমেষ রায়ের পারিবারিক পূজা :
৫. মেরিল্যান্ডের 'সংস্কৃতি'- র দুর্গা পূজা :
৬. নিউইয়র্ক কালী মন্দির এর দুর্গাপূজা :
৭. নিউইয়র্কের রামকৃষ্ণ বিবেকানন্দ সেন্টারের দুর্গাপূজা :
৮. ইস্ট কোস্ট কালচারাল অ্যাসোসিয়েশন এর দুর্গা পূজা :
৯. নিউ জার্সিতে 'উৎসব' এর দুর্গাপূজা :
১০. বেঙ্গলি কালচারাল সোসাইটি দুর্গাপূজা :
১১. নিউ জার্সি ভারত সেবাশ্রম সংঘের দুর্গাপূজা :
১২. নিউ জার্সির প্লেইনসবোরোতে ত্রিনয়নী দুর্গাপূজা :
১৩. নিউ জার্সির প্রিন্সটন বেঙ্গলি অ্যাসোসিয়েশন এর দুর্গাপূজা।



আমেরিকার নিউইয়র্ক, নিউ জার্সি, ক্যালিফোর্নিয়া, টেক্সাস, শিকাগো ইত্যাদি স্থানে বড় বড় পূজা হয়।

কিছু কিছু সংগঠন যেমন: Antorik, Kallol, Probasi ইত্যাদির পূজা গত চল্লিশ পঞ্চাশ বছর ধরে চলে আসছে ।এ ছাড়াও Times Square Durga Puja এর আয়োজক: Bengali Club USA .

যুক্তরাজ্য

'পূজোর চারটে দিন মাঝে মধ্যে ক্যামডেন হল আর বাইরের রাস্তাটা দেখে মনে হয় মিনি কলকাতা। লন্ডনের সবচে পুরোনো এই দুর্গাপূজোর আয়োজকরা দাবি করলেন, প্রবাস জীবনের নানা ঝুট ঝামেলা থাকলেও তারা এখনো পূজোর নিয়ম রীতি, ঐতিহ্যের সাথে কোন আপোষ করেন না।আমেরিকা, কানাডায় প্রবাসীরা এখন তিথি পঞ্জিকার তোয়াক্কা না করে সাপ্তাহিক ছুটির দিনে পূজো উদযাপন করেন।লন্ডনে এখনও সেই চল শুরু হয়নি।'(শাকিল আনোয়ার,বিবিসি বাংলা)

লন্ডনের বিখ্যাত পূজাগুলির মধ্যে আছে

Bromley Puja, Cambridge Sharad Utsav, London Durga Puja Dusserah Association,
Camden Durga Puja, Swiss Cottage Library, Bengal Heritage Sharad Utsav, Pitzhanger Manor, Ealing West London Durga Puja, Chorleywood War Memorial Hall, Hindu Cultural Society Bhawan,North London Belsize Park Durga Puja, Hampstead Town Hall ইত্যাদি।

কানাডা:

কানাডার টরন্টো, মন্ট্রিয়েল, ভ্যাঙ্কুভার শহরে দুর্গাপূজা হয়।Toronto Kalibari, Bengali Cultural Society of Manitoba,Bangiya Parishad Toronto ইত্যাদি সংগঠন পূজার আয়োজন করে।

অস্ট্রেলিয়া:

অস্ট্রেলিয়ার সিডনি, মেলবোর্ন ও ব্রিসবেনের বিভিন্ন সংগঠন দুর্গা পূজার আয়োজন করে।

এ ছাড়া মালয়েশিয়া ও সিঙ্গাপুরের হিন্দু জনগোষ্টির উদ্যোগেও প্রতি বছর দুর্গা পূজা অনুষ্ঠিত হয়ে থাকোঅধিকাংশ সময় তা একটি বড় সাংস্কৃতিক অনুষ্ঠানে পরিণত হয়। এসব পূজা মূলত প্রবাসী বাংলাদেশী ও ভারতীয় বাঙালিদের উদ্যোগে অনুষ্ঠিত হয়ে থাকে।

সাংস্কৃতিক মিলনমেলা

প্রবাসে দুর্গাপূজা কেবল পূজা নয়, বরং এটি একটি সাংস্কৃতিক মিলনমেলা।প্রবাসী প্রতিটি মানুষকে ভালোভাবে বেঁচে থাকার তাগিদে প্রচণ্ডরকম ব্যস্ত থাকতে হয়।যথাযথ বিনোদন থেকেও তারা বঞ্চিত হনাভিন্ন সংস্কৃতি ও সমাজ ব্যবস্থায় নিজস্ব সংস্কৃতির উপাদানগুলি না থাকায় এক ধরনের মনোকষ্ট ভুগতে হয় তাদের।দুর্গাপূজা সেই শূন্যতা থেকে তাদেরকে ফিরিয়ে আনে।এ উপলক্ষে সেখানে নাটক, সংগীত, নৃত্য, কবিতা পাঠ ও ফ্যাশন শো অনুষ্ঠিত হয়।স্থানীয় ও আন্তর্জাতিক শিল্পীদের আমন্ত্রণ করা হয়।ঠাকুরের প্রসাদে দেশীয় ভোগ ও খাবারের আয়োজন রাখা হয়।এর মধ্যে অষ্টমীসহ প্রতিদিন
অঞ্জলি ও খিচুড়ি ভোগ অন্যতম।

প্রবাসে বসবাসকারী বাঙালিদের কাছে দুর্গাপূজা হল নস্টালজিয়া ও শিকড়ের টান।নিজের এই আবেগকে পরবর্তী প্রজন্মের কাছে পৌছে দেয়ার এ এক মোক্ষম মাধ্যম। এ উৎসব নিজেকে উদ্যমী এবং স্মৃতি সংরক্ষণ করে পরবতীতে আরও ভালো কিছু করার শক্তি যোগানোর একটি মাধ্যম হিসাবেও কাজ করে।প্রবাসের দুর্গাপূজাগুলোতে সোশ্যাল মিডিয়া, ইউটিউব চ্যানেল, ওয়েবসাইটে ছবি ও ভিডিও আপলোড হয়।অনেক সংগঠন নিজেরা ম্যাগাজিন প্রকাশ করে।কেউ কেউ ই ম্যাগাজিনের মাধ্যমে নিজেদের কর্মকাণ্ডকে বিশ্বের আগ্রহী মানুষের কাছে তুলে ধরেন।

সবচেয়ে বড় কথা নিজের আত্ম পরিচয়, নিজের সংস্কৃতি আর নিজের উদ্যমকে শাণিত করার মাধ্যমে আরো একটি বছরের জন্য নিজেকে প্রস্তুত করার একটি প্লাটফর্ম হিসেবে এই উৎসবকেই বেছে নেই আমরা সবাই। ২০২৫ খ্রিস্টাব্দের শারদ উৎসবে সবার জন্য শুভকামনা।

SHIV MANDIR
TEMPLE OF JOY
EST. 2021

Sharodiya

Aarush Chowdhury



Every year at this time,
The wind tells me it's our time to shine,
The Bengali community coming together,
Trying to make every event even better,
Colors, Happiness, Clothing and more,
Come celebrate with us, open the door!
Durga puja is always happy not sad…
Celebrate with us don't feel bad!
Our celebration is 5 days long,
Everyone's busy on the backdrop for the stage,
Don't ever feel like your in a cage,
Moms and girls rehearsing and dancing,
When the day has come everyone's glancing,
My preist uncle is busy with this puja,
Giving blessings from Ma Durga,
Happiness is key,
Love is all you should see,
Come celebrate with us in Durga puja,
Telling everyone Happy Sharodiya!Shuvo Sharodiya.



Tariff

MORARJEE SHARMA

A **tariff** is a tax that governments place on goods imported from other countries. It is one of the most common tools of international trade policy. The main purpose of a tariff is to protect local industries by making foreign products more expensive. This way, people are encouraged to buy goods made in their own country.

Tariffs can bring several benefits. They help local businesses grow, create more jobs for workers, and generate revenue for the government. They can also encourage countries to become more self-reliant in producing essential goods.

However, tariffs also have disadvantages. When tariffs increase the cost of imports, consumers may have to pay higher prices. Industries that rely on foreign raw materials may also face higher production costs. In addition, tariffs can sometimes lead to trade conflicts between countries.

In conclusion, tariffs are powerful tools that can protect domestic industries and support the economy. But they need to be used wisely, as they may also increase prices and affect international trade relationships.



অনুলোম বিলোম প্রাণায়াম

তন্ময় আচার্য্য

প্রাণায়াম কথাটি সংস্কৃত শব্দ “প্রাণ” ও “আয়ম” থেকে এসেছে। “প্রাণ” অর্থ শ্বাস এবং “আয়ম” অর্থ ব্যাপ্তি অথবা নিয়ন্ত্রণ। সুতরাং মূল শব্দের অর্থ শ্বাসের নিয়ন্ত্রণ। প্রাণায়াম শুধু নিশ্বাস ও প্রশ্বাসের নিয়ন্ত্রণই নয়, যোগীদের মতে প্রাণায়াম হচ্ছে প্রাণ অথবা প্রাণশক্তির উৎস নিয়ন্ত্রণ।শ্রীমদ্ভাগবদগীতাতেও প্রাণায়াম এর উল্লেখ পাওয়া যায়।

স্বামী বিবেকানন্দ তার রাজযোগ বইতে বিভিন্ন ধরনের প্রাণায়ামের মধ্যে অনুলোম বিলোম প্রাণায়ামের উল্লেখ করেছেন। প্রাণায়াম শুধু যোগ, শান্তি ও সংযমের জন্যই নয়, এটি আপনার মস্তিষ্ক, হৃদযন্ত্র এবং শরীরের জন্য খুব উপকারী। নিম্নে অনুলোম বিলোম প্রাণায়াম পদক্ষেপ দেয়া হল, মনে রাখা প্রয়োজন যে প্রাণায়াম যেন ভরা পেটে করা না হয় এবং করার সময় জানালা খুলা থাকলে ভাল যাতে বিশোধ্য বাতাস চলাচল থাকে বাইরের সাথে। সকালে খালি পেটে অথবা খাওয়ার তিন ঘণ্টা পর এই প্রাণায়াম অনুশীলন করা যেতে পারে।

অনুলোম বিলোম প্রাণায়াম পদক্ষেপঃ

পা গুলি আড়াআড়ি রেখে বা ধ্যানের আসন অনুসরণ করে বসুন, মাটিতে বসলেই ভাল হয়। আপনার মেরুদণ্ড এবং মাথা যেন খাড়া থাকে।

আপনার ডান হাতের আঙুল দিয়ে ধীরে ধীরে নাকের ডানদিকের ছিদ্রের ওপর রাখুন, আপনার বাঁ হাত বাঁ হাঁটুর ওপরে রাখুন।

জোর করে টিপে ধরুন যাতে এই ছিদ্র দিয়ে সাময়িকভাবে বাতাসের প্রবাহ বন্ধ হয়।

এবার, ধীরে ধীরে বাঁ নাসারন্ধ্র দিয়ে গভীর শ্বাস টানুন।

এবার, ডানদিকের ছিদ্রের ওপর থেকে আঙুল সরিয়ে নিন, যার ফলে আপনি এই ছিদ্র দিয়ে শ্বাস ছাড়তে পারবেন।

যখন এ কাজ করবেন মনে রাখবেন তখন যেন বাঁদিকের ছিদ্র অনামিকা এবং কনিষ্ঠার সাহায্যে শক্ত ভাবে বন্ধ থাকে।

ডান দিকের ছিদ্র দিয়ে শ্বাস ধীরে ছাড়ুন।

এর পর, ডান দিকের ছিদ্র দিয়ে গভীরভাবে শ্বাস নিন, অন্য নাসারন্ধ্র অনামিকা এবং কনিষ্ঠা দিয়ে বন্ধ রাখুন।

অবশেষে, ডান দিকের নাসারন্ধ্র বৃদ্ধাঙ্গুষ্ঠ দিয়ে চেপে রেখে বাঁ দিকের ছিদ্র দিয়ে শ্বাস ছাড়ুন।

উপরের পদক্ষেপ এর মাধ্যমে একটি চক্র সম্পূর্ণ হবে। এটি আপনি প্রথমে ৫ মিনিট দিয়ে শুরু করতে পারেন এবং ধীরে ধীরে বাড়িয়ে ১০ থেকে ১৫ মিনিট পর্যন্ত অনুশীলন করতে পারেন। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো—যে কোনো শ্বাসপ্রশ্বাসের ব্যায়াম শুরু করার আগে অবশ্যই প্রথমে নিঃশ্বাস ছেড়ে দিতে হবে, তারপর অনুশীলন শুরু করতে হবে।

অনুলোম বিলোম প্রাণায়ামের উপকারিতাঃ

আয়ুর্বেদ শাস্ত্র মতে বায়ু, পিত্ত এবং কফ, এই তিনটি উ পাদানের মধ্যে ভারসাম্য বিগড়ে গেলেই ছোট-বড় নানা শারীরিক সমস্যা দেখা দেয়। এই বিশেষ প্রাণায়াম এই তিনটি উপাদানের মধ্যে ভারসাম্য ফিরিয়ে আনতে সাহায্য করে। অনুলোম বিলোম প্রাণায়ামের মাধ্যমে শরীর থেকে অনেক বিষাক্ত উপাদান বেরিয়ে যায়, যার কারনে ত্বক সুন্দর হয়, নিয়মিত করার মাধ্যমে চেহারায় একধরনের আভা লক্ষ্য করা যায়। এই আসনটি করার সময় যেভাবে শ্বাস-প্রশ্বাস নেওয়া হয়, তাতে প্রচুর পরিমাণে অক্সিজেন ব্রে নে গিয়ে পৌঁছায়, যে কারণে ব্রেন সেলের ক্ষমতা এত টাই বেড়ে যায় যে স্মৃতিশক্তির উন্নতির পাশাপাশি মনোযোগ ক্ষমতাও বাড়ে। ওম স্বামী তার আয়ুর্বেদিক বইতে লিখেছেন যে স্নায়ুতন্ত্র বিশোধ্য করার জন্য প্রাণায়াম থেকে ভাল কিছু হতে পারে না। অনেক ডাক্তাররাও এখন প্রাণায়াম এর জন্য পরামর্শ দিয়ে থাকেন। এটি প্রাচীন যোগীদের কাছ থেকে পাওয়া একটি অভূতপূর্ব প্রক্রিয়া যা অনুশীলনের মাধ্যমে আমরা আধ্যাত্মিক উন্নতির এর পাশাপাশি অনেক শারীরিক উপকারও পেয়ে থাকি।



জাত-বেজাত

ধনঞ্জয় পুরকায়স্থ

ধুকছে লোকটি রাজপথে সারি সারি গাড়িতে
জীর্ণ তার দেহখানি দুলেছে যেন হাওয়ার তোড়ে।
গাড়ির কাঁচে ঠুকছে বেজায় দাও না বাবু একটি টাকা
খাইনি কিছু সকাল থেকে ভোগাচ্ছে যে ক্ষুধার জ্বালা।
ঠান্ডা ভরা গাড়ির ভিতর বাহিরেতে উত্তাপ বেজায়
ত্বকে যেন ফোসকা পরে উষ্ণতার তপ্ত হাওয়ায়।
বন্ধ গ্লাস থাকুক বন্ধ রোদের এমন প্রখরতায়
আমার কী করার আছে? থাকুক বেটা ক্ষুধার জ্বালায়!
বাবুরা সব দ্রুত গতিতে চলেছে ছুটে হর্ন বাজিয়ে
আঁতকে উঠে জীর্ণ শরীর প্রাণ বুঝি গেল চাকার তলে!
পাশের মন্দিরে হচ্ছে উৎসব আনন্দে মাতোয়ারা
বাদ্যযন্ত্রের মধুর সুরে গীত-ভজনে ভক্তরা।
বাতাস ভরা মিষ্টি সুবাস সুগন্ধি ধূপে পূজার আচার
নয়তো শুধু ধূপের সুবাস! হচ্ছে রান্না হরেক প্রকার।
ঘিয়ে ভাজা ছানার পোলাও, ঘ্রাণে ক্ষুধা উথলে পরে
মিলবে বুঝি ভোগের প্রসাদ নাট মন্দিরে প্রবেশিলে।
কর্তা বাবুরা এলেন তেড়ে আরক্ত চক্ষু ক্ষিপ্ত মেজাজে
মন্দির মোদের পবিত্র স্থান এসেছিস হেথা কোন সাহসে?
নোংরা শরীর বাসি কাপড় অপবিত্র করলি মন্দিরখানা!
কেমন করে প্রায়শ্চিত করি ? কী সর্বনাশ করলি বেটা!
রথে চড়ে কৈলাস ভুবন দেব-দেবী এবার চললেন বুঝি!
কেমন করে? কোন পূজাতে? ঠাকুরকে আটকাতে পারি।
ক্ষিপ্ত কেন হচ্ছিস বাবু? ঘামে-শ্রমে প্রসাদ খাই
যতন করে ধুয়ে মুছে দেবালয় খানা করব সাফাই ,
থালা-বাসন, আসন-কুশন যা কিছু তোদের এঁটো আছে
পুকুর ঘাটের স্বচ্ছ জলে ঘষে-মেজে আনব ধোয়ে।
বাগানেতে আগাছাগুলো বেড়ে উঠেছে অগোচরে
করব বাগান ফুল বিলাসে তৃণ লতা উপড়ে ফেলে।
দূর-হ বেটা! ত্বরিৎ করে ময়লা কাপড় অশুচি শরীর
দুঃসাহস করছিস বড্ড! করতে পরিষ্কার দেব মন্দির!
মানুষকে করে হেলা আর নানান উপচারে করো পূজা
বলছো আমার বস্ত্র নোংরা তোমার যে মনটাই নোংরা।
হাতে পেলে প্রভূত টাকা ক্ষণিক তরে পাল্টে বসন
সময় লাগে মিনিট কয়েক গায়ে দিতে নতুন ধরন।
ঘৃণা-বিদ্বেষের কদর্যতায় মনকে যে করেছো কালা
এ জীবনে কী ফেরাতে পারবে এতোটুকু স্বচ্ছ ধারা?
জাত-বেজাত বিভেদ টেনে মানুষকে কেন করছো হেলা?
আমিত্ববোধে নিমগ্নতা পদদলিত করছে মানবতা।

আজকের অসুরেরা

চন্দনকৃষ্ণ পাল

দুর্গাদেবীর ত্রিশূল খেয়ে
মরেছিলো মহিষাসুর?
‘মরেছিলো মরেছিলো’
চেঁচিয়ে বলেন কাকাশ্বশুর।

তাহলে আজ চারিদিকে
এতো অসুর কেন কাকা?
চোখটা মেলে তাকিয়ে দেখেন
আছে কোথাও কোন ফাঁকা?

সেই অসুরের রক্ত থেকেই
এই অসুরের জন্ম বুঝি?
মানুষ কেন অসুর হলো
দিনরাত্রি যাচ্ছি খুঁজি।

সব জায়গায় বাড়ছে অসুর
রক্তবীজের পোনার মতো
খাচ্ছে গিলে লম্বা জিভে
গেলাই যেনো তাদের ব্রত।

অসুর মুক্ত কোন জমিন
আজকে দেখি নাই এ দেশে
ঘরে ঘরে থাকলে অসুর
অসুর রাজ্য হবে শেষে !

স্বাস্থ্য শিক্ষা বিদ্যুতে আজ
অসুরেরা দাপিয়ে বেড়ায়
সব চুপচাপ থাকছে এখন
কে দেবে হাত তাদের ডেরায়।

অসুর নিধন করবে কারা
কোথায় এমন দুর্গাদেবী
যাকে দেখি সেই তো এখন
চামচা আর অসুরসেবী।

নবদুর্গা আসলে ধরায়
নিধন হতে পারে অসুর
স্বপ্ন দেখাই ভালো এখন
বাস্তবে তা অনেকটা দূর।

TEMPLE OF JOY
EST. 2021

শারদীয়ার সুর
চন্দনকৃষ্ণ পাল

মেঘের ময়ূর গুটিয়েছে পাখা
লুকিয়েছে সকল রঙিন আঁকা।
বিদায় নেবার ক্ষণ বুঝি এই এলো
আকাশ বাতাস নবীণ আলো পেলো।

কে এলো আজ আকাশ পারের নীলে
শাপলা ছড়ায় আলো সারা বিলে।
পদ্ম কোরক ঘ্রাণে মাতোয়ারা
সবুজ ধানের ঢেউ খেলানো পাড়া।

আকাশ নীলে উড়ছে সবুজ পাখি
স্থল পদ্মের গায়েতে চোখ রাখি।
শিউলি বোঁটায় হাত রাঙাবে কে কে?
দিন কাটাবো সুনীল আকাশ দেখে।

ঢাকের শব্দে মন উতলা হবে
মহালয়ার মন্ত্রের ঘোর রবে
দুর্গা মায়ের আসার সময় হলো
মণ্ডপে যাই,ঘুরে আসি চলো।

কাশকনেরা জড়িয়ে ধরে বুকে
আদর পেয়ে চোখ বুজে যায় সুখে।
স্বচ্ছ জলে মাছের আনাগোনা
এই সবুজে ভালোবাসাই বোনা।

এ কোন ঋতু ভালোবাসা মাখা
মেঘের ময়ূর গুটিয়েছে পাখা।
প্রিয় শরৎ আকাশ বাতাস জুড়ে
গাইছে সবাই শারদীয়ার সুরে।

মায়ের আসা যাওয়ার বাহন
চন্দনকৃষ্ণ পাল

আসার সময় আসবে নাকি
এবার তুমি গজে চড়ে?
'শস্যপূর্ণ বসুন্ধরা'
ফসল এবার আসবে ঘরে।

যাওয়ার সময় যাবে নাকি
মনুষ্যবাহিত দোলায়
'মড়কং ভবেৎ' এবার
থাকবে মানুষ শূন্য গোলায়?

এবার যখন গোছানো সব
আগামীবার নতুন বাহন
তোমার আসা যাওয়া হবে
আনন্দের এক অবগাহন।

লেটেষ্ট মডেল গাড়িতে মা
হবে তোমার যাওয়া আসা
খরচ দেবে সন্তানেরাই
সাথে তাদের ভালোবাসা।

গজে চড়ে আসছো মা গো
'শস্য পূর্ণ বসুন্ধরা'
আমরা সবাই অনেক খুশি
দেশটা হবে ফসল ভরা।

যাবার সময় এবার নাকি
দোলা হবে তোমার বাহন
'শস্য এবং জল বৃদ্ধি'
ভালো মন্দ মিশ্র কাহন!

আসা যাওয়ার বাহন মা গো
না পাল্টালে আর চলে না
ডিজিটাল এই দেশের খবর
তোমায় বুঝি কেউ বলে না?

এবার যখন ফাইনাল সব
